

## তারংগের উৎসব- ২০২৫ উপলক্ষ্যে ডিএই কর্তৃক নড়াইলে সাড়ে তিন হাজার শিক্ষার্থীর মধ্যে গাছের চারা বিতরণ

নড়াইল সদর উপজেলায় কৃষি বিভাগের আয়োজনে চলতি অর্থবছরে খরিফ মৌসুমে প্রগোদনা কর্মসূচির আওতায় বিভিন্নশিক্ষা প্রতিষ্ঠানের ৬ষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত সাড়ে তিন হাজার শিক্ষার্থীর মধ্যে বিনামূল্যে ওষধি ও ফলজ গাছের চারা বিতরণ করা হয়েছে।

বুধবার (১৬জুলাই) বিকাল সাড়ে ৫টার দিকে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর আয়োজিত সদর উপজেলার মুলিয়া মাধ্যমিক বিদ্যালয় চতুরে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে শিক্ষার্থীদের মধ্যে গাছের চারা বিতরণ কার্যক্রম উদ্বোধন করেন, নড়াইলের জেলা প্রশাসক শারমিন আক্তার জাহান।

জেলায় কৃষি সম্প্রসারণ অধিদফতরের উপ- পরিচালক জসীম উদ্দিনের সভাপতিত্বে চারা বিতরণ অনুষ্ঠানে অন্যান্যের বক্তব্য রাখেন, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) আহসান মাহমুদ রাসেল, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা সঞ্চিতা বিশ্বাস, সদর উপজেলা কৃষি কর্মকর্তা রোকনুজ্জামান, সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. আনোয়ার হোসেনসহ প্রমুখ।

সদর উপজেলা কৃষি কর্মকর্তা রোকনুজ্জামান জানান, প্রত্যেক শিক্ষার্থীকে একটি করে চার প্রকারের চারটি গাছের চারা প্রদান করা হয়েছে। এদিন ওষধি নিম গাছের এবং ফলজ বেল, জাম ও কাঁঠালের বিনামূল্যে চারা বিতরণ করা হয়েছে।

